


বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট
নশিপুর, দিনাজপুর

কৃষি মন্ত্রণালয়ের কৃষি নীতি সহায়ক ইউনিট (আপসু) এর খসড়া নিয়োগ বিধিমালা উপর মতামত
নিয়োগ বিধিমালাটি সুচারুরূপে প্রস্তুত করা হয়েছে; এতে খুব সামান্যই অসংগতি আছে। অসংগতি সংশোধন
করে নিলেই তা হবে যুগোপযোগী।

- বিধি ৫: 'পদোন্নতির মাধ্যমে নিয়োগ' এ (১) উপ-বিধিতে উল্লেখ আছে যে, "তবে শর্ত থাকে যে, জাতীয় বেতনস্কেল গ্রেড ১৩-১৬ কোন পদ হইতে গ্রেড ১০-১২ এর কোন পদে এবং গ্রেড ১০-১২ এর কোন পদ হইতে গ্রেড ৯ বা তদুর্ধ্ব কোন পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে"। কিন্তু 'তফসিল-১' এ জাতীয় বেতনস্কেল গ্রেড ১০-১২ এর কোন পদের উল্লেখ নেই এবং কোন গ্রেড হতে গ্রেড ৯ পদে পদোন্নতির সুযোগ রাখা হয়নি, কেননা গ্রেড ৯ পদগুলোতে শুধুমাত্র সরাসরি নিয়োগের মাধ্যমে নিয়োগের বিধান রাখা হয়েছে। আবার একই কারণে গ্রেড ১৩-১৬ কোন পদ হতে উপরের কোন পদে (যেমন 'নেটওয়ার্ক/ওয়েবসাইট ম্যানেজার') পদোন্নতির সুযোগ নেই। অতএব, গ্রেড ১০-১২ কোন পদ থাকুক আর না থাকুক (১) উপ-বিধিতে এ রকম শর্ত উল্লেখ করার প্রয়োজন নেই। তফসিল-১ এ ৪, ৫ ও ৬ নং পদে যথাক্রমে 'গবেষণা কর্মকর্তা', 'ডকুমেন্টেশন অফিসার' ও 'নেটওয়ার্ক/ওয়েবসাইট ম্যানেজার' শুধুমাত্র সরাসরি নিয়োগ দেয়া উচিত।
- তফসিল-১ এ ৬ নং পদ 'নেটওয়ার্ক/ওয়েবসাইট ম্যানেজার' এর বেতনস্কেল ও পদসংখ্যার উল্লেখ নেই। বেতনস্কেল ও পদসংখ্যা উল্লেখ করতে হবে।
- তফসিল-১ এ ৪ নং পদ 'গবেষণা কর্মকর্তা' এর যোগ্যতায় কৃষি ও কৃষি অর্থনীতিসহ অন্যান্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীর কথা বলা হয়েছে। কৃষি ও কৃষি অর্থনীতি বিশেষায়িত (কারিগরী) শিক্ষা এবং স্নাতক ডিগ্রী ৪ বছর মেয়াদী। অতএব, কৃষি ও কৃষি অর্থনীতির ক্ষেত্রে শুধুমাত্র স্নাতক ডিগ্রী থাকলেই যথেষ্ট। তবে কারও স্নাতকোত্তর ডিগ্রী থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- তফসিল-১ এ ৪ ও ৫ নং পদ যথাক্রমে 'গবেষণা কর্মকর্তা' ও 'ডকুমেন্টেশন অফিসার' পদে নিয়োগের ক্ষেত্রে ৬ নং পদ 'নেটওয়ার্ক/ওয়েবসাইট ম্যানেজার' এর মতই 'কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ' যোগ্যতাটি সংযোজন করা যেতে পারে।
- তফসিল-১ এ ৭ নং পদ 'ব্যক্তিগত সহকারী' এর নিয়োগ পদ্ধতিতে পদোন্নতির ক্ষেত্রে 'অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিকগণের মধ্য হতে' এর স্থলে 'অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের মধ্য হতে' ব্যবহার করলে ধারাবাহিকতা থাকবে। সে মোতাবেক তফসিল-২ ও -৩ এ পদের নাম সংশোধন করতে হবে।
- তফসিল-৪ এ 'গাড়ী চালক' পদে নিয়োগের পরীক্ষায় ব্যবহারিক বিষয়ে নম্বর যোগ করা যেতে পারে।


০৬/১২/২০২০

ড. মো. আবু জাব্বার সরকার
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট
নশিপুর, দিনাজপুর